# ২০২৩

# বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-DSE-T-2

(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ‘‘চমকিয়া রাজা তলোয়ার নিয়া উঠিলেন’’ — কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে? রাজা চমকে উঠে কী দেখলেন?

খ) মৎস্য অবতারে বিষ্ণু মনুকে কী বলেছিলেন?

গ) কারা, কীভাবে ইন্দ্রকে তাড়িয়ে দিয়ে স্বর্গ পৃথিবী দখল করে নেয়?

ঘ) ‘‘রাজার মনের আনন্দ ধরে না’’ — রাজার এইরকম অনুভূতির কারণ কী? এই আনন্দে তাঁর ঘোষণা কী ছিল?

ঙ) ‘খিচুড়ি’ কবিতায় সুকুমার রায়ের উল্লিখিত কয়েকটি অদ্ভুত প্রাণীর নাম লেখো।

(পরের পাতায়)

চ) "প্রভু যদি তুষ্ট হইয়া থাকেন তবে দয়া করিয়া আমাকে গঙ্গা আনিবার উপায় করিয়া দিন" — গঙ্গা আনিবার উপায় সম্পর্কে কে, কী বলেছিল?

ছ) "মালী ফুল আনিতে গেল" — মালী কোথায় ফুল আনতে গিয়েছিল? সেখানে কী ফুল ফুটেছিল?

জ) খুড়োর মুখে গুংগা শুনে সবাই কী বলেছিলো?

ঝ) ফেলুদা মনিমোহনবাবুর কাছ থেকে দুদিন সময় চেয়ে নিয়েছিলেন কেনো?

ঞ) "এই খেয়েই তোম লোককো দেশকো এইসা দশা" — কার উক্তি? কোন্ প্রসঙ্গে এমন উক্তি করেছেন?

ট) "কথাটা যেন ভদ্রলোকের বিশ্বাসই হচ্ছে না" — ভদ্রলোকটি কে? কোন্ কথা তার বিশ্বাস হয় নি?

ঠ) শিব ঠাকুরের দেশে পদ্য লেখকদের কোন শাস্তির মুখোমুখি হতে হয়?

ড) প্রোফেসর শঙ্কু সকালে কোথায় বেড়াতে যান? তিনি ডাক্তার দেখানোর জন্য কত টাকা দিয়েছিলেন?

ঢ) 'গন্ধবিচার' কবিতায় রাজামশাই গন্ধ পেয়ে মন্ত্রীকে কী জিজ্ঞাসা করেছিলেন? মন্ত্রীর উত্তর কী ছিল?

ণ) রক্তমুখী নীলা চুরি তদন্তের ভার কে গ্রহণ করেন? তিনি কতদিনের মধ্যে চোর ধরেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) "একবার দেখে যাও ডাক্তারি কেরামৎ" — কোন্ কবিতার অংশ? বক্তা ডাক্তারির কেরামৎ দেখাতে চেয়েছেন কীভাবে?



খ) "অর্থাৎ এও আপনাদের একটা ফ্যামিলি নাটক" — কোন্ প্রসঙ্গে ফেলুদা এই কথাটি বলেছেন? নাটক সম্পর্কে কী জানা যায়?

গ) রাক্ষসের দেশে পৌঁছে নীলকমল-লালকমলের অভিজ্ঞতা কী হয়েছিল সংক্ষেপে লেখো।

ঘ) বিষ্ণুর বরাহ অবতারের ঘটনাটি সংক্ষেপে লেখো।

ঙ) "বর্মিবাক্স পাওয়া যাচ্ছে না" — কোন্ প্রসঙ্গে এমন উক্তি করা হয়েছে? এরপর ঘটনা কী হয়েছিল সংক্ষেপে লেখো।

চ) 'সত্যান্বেষী' গল্পে অনুকূল বাবুর চরিত্র সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'প্রোফেসর শঙ্কু ও খোকা' গল্পে কল্পবিজ্ঞানের স্বাদ কতটা পাওয়া যায় তা খোকা চরিত্রের আলোকে বিচার করো।

খ) বিচার ব্যবস্থার প্রতি বিদ্রোহ কীভাবে আপাত হাস্যের মধ্যে দিয়ে ব্যক্ত হয়েছে তা 'একুশে আইন' কবিতা অবলম্বনে আলোচনা করো।

গ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে হাস্যরস কতখানি চমকপ্রদ তা সংক্ষেপে ব্যাখ্যা করো।

ঘ) 'শিয়াল পণ্ডিত' গল্পে শিয়ালের চাতুরীর পরিচয় কীভাবে পাওয়া যায় তা বুঝিয়ে দাও।

———————